## রূপসা উপজেলার আইসিটি কমিটির ফেব্রুয়ারি-২০২৬ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : সানজিদা রিক্তা, উপজেলা নির্বাহী অফিসার , রূপসা, খুলনা
স্থান : উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তন, রূপসা, খুলনা
তারিখ : ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি:
সময় : বেলা- ০২.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর উপজেলা পর্যায়ে আইসিটির কার্যক্রম কিভাবে সুসম্পন্ন করা যায় এবং উপজেলা পর্যায়ে ডিজিটাল পদ্ধতিতে কিভাবে সেবার মান আরো উন্নত করা যায়, সেসম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

### ২.১। উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত:

উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল হাল নাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। রূপসা উপজেলা ওয়েব পোর্টালে সম্পূর্ণতার হার ৯৪%। তাছাড়া প্রতিনিয়ত বিভিন্ন তথ্য আপডেট করা হচ্ছে। ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার জন্য সভাপতি কর্তৃক উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন প্রকার সমস্যা হলে সহকারী প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ানের সাথে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত :ইউনিয়নের ওয়েব পোর্টাল গুলোতে যে অসম্পূর্ণতা রয়েছে তা দ্রুত সম্পন্ন করা এবং ওয়েব পোর্টালে নিয়মিত তথ্য আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : সহকারী প্রোগ্রামার, উপজেলা টেকনিশিয়ান, উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, রূপসা, খুলনা।

### ২.২। ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড :

রূপসা উপজেলার ৫টি ইউডিসির নারী ও পুরুষ উদ্যোক্তাদের আয়ের তথ্য নিয়মিত হালনাগাদ করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের আইডি দিয়ে নিয়মিত মনিটরিং করা হয়। ফেব্রুয়ারি,২০২৬ খ্রি মাসে রূপসা উপজেলার ৫টি ইউডিসির মোট আয় : ৪২,৭০০ টাকা ও সেবা গ্রহনকারীর সংখ্যা : ৮৭৩ জন। গত মাসের তুলনায় ইউডিসি কর্তৃক আয় তুলনামূলক ভাবে কিছুটা কমেছে। রূপসার ৫টি ইউডিসি থেকে জনগণ নিয়মিত সেবা পাচ্ছে বলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকল ইউডিসি উদ্যোক্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো বলেন সর্বদা দ্রুত জনগনকে বিনা ভোগান্তিতে সেবা প্রদান করতে হবে। তিনি সেবা তালিকা করার জন্য উদ্যোক্তাদের বলেন, সর্বপ্রকার অনলাইন সেবা প্রদানের জন্য দক্ষ হতে হবে। কোন উদ্যোক্তার দক্ষতা কম থাকলে তিনি উপজেলা টেকনিশিয়ানের কাছ থেকে প্রশিক্ষণ গ্রহণ করে দ্রুত দক্ষ হয়ে উঠবেন। উপজেলা পর্যায়ে উপজেলা ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। সেখানে জনগণকে যাবতীয় সেবা প্রদান করা হচ্ছে। সেখানে সার্বক্ষণিক দায়িত্বে প্রশিক্ষক আছেন। জনগণকে যে কোন সেবা প্রদানের সমস্যা হলে পরামর্শ গ্রহণের জন্য উপজেলা ডিজিটাল সেন্টারে দায়িত্বরত প্রশিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে।

সিদ্ধান্ত : জনগণকে বিনা ভোগান্তিতে দ্রুত সেবা প্রদান, প্রতিদিনের আয়ের তথ্য ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : ইউডিসি উদ্যোক্তা (সকল), রূপসা, খুলনা।

### ২.৩। অনলাইনে রেকর্ড রুম হতে পর্চা সরবরাহ :

রূপসা উপজেলার ৫টি ইউডিসি সেন্টারের মধ্যে শ্রীফলতলা, ঘাটভোগ ইউডিসি সেন্টার হতে পর্চা সরবরাহের কাজ চলমান আছে। আইচগাতী, নৈহাটি ও টিএসবি ইউনিয়নে পর্চা সরবরাহের কাজ চালু করার জন্য সভায় আলোচনা করা হয়। তবে এ বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা করে জনগণকে অবহিত করা যেতে পারে। এ বিষয়ে কোন সমস্যা হলে সহকারী কমিশনার (ভূমি) রূপসা, খুলনার সাথে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। রূপসা উপজেলার নামজারির কাজ অনলাইনে চালু হয়েছে। এজন্য সহকারী কমিশনার (ভূমি)কে ধন্যবাদ জানানো হয়।

সিদ্ধান্ত : অনলাইনে পর্চার আবেদন সংগ্রহের জন্য ব্যাপকভাবে প্রচার প্রচারণা চালানো এবং জনগণকে অবহিত করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ভূমি ব্যবস্থাপনার ওয়েব সাইট থেকে পর্চা ডাউনলোড করে জনগণকে প্রদান করলে উদ্যোক্তাদের আয় ও জনগণের সেবা বৃদ্ধি পাবে।

বাস্তবায়নে : সহকারী কমিশনার (ভূমি), উদ্যোক্তা সকল ইউডিসি সেন্টার রূপসা, খুলনা।

### ২.৪ । ডি-নথি সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি :

উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-ফাইলিং এর কাজ চলমান রয়েছে। প্রতিনিয়ত ডাক, চিঠি আদান প্রদান, নিষ্পত্তি করণের কাজ চলমান রয়েছে।

CamScanner

সিদ্ধান্ত : নিয়মিত ই-ফাইলিং এর কাজ চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা, সহকারী প্রোগামার, উপজেলা টেকনিশিয়ান রূপসা, খুলনা।

## ২.৫। উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান :

রূপসা উপজেলার আইসিটি কমিটির সভা প্রতি মাসে অনুষ্ঠিত হয়। সভায় সকল ইউডিসি উদ্যোক্তা, প্রধান শিক্ষক/সহকারি শিক্ষক/ কম্পিউটর শিক্ষক,মাধ্যমিক, প্রাথমিক বিদ্যালয় প্রধানদের সক্রিয় অংশগ্রহণ বাধ্যতামূলক করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
সিদ্ধান্ত : প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।
বাস্তবায়নে : সহকারী প্রোগামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অফিসার, উদ্যোক্তা সকল ইউডিসি, রূপসা, খুলনা।

## ২.৬। আইসিটি অধিদপ্তর হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল :

রূপসা উপজেলায় বিসিসি কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব সংখ্যা ১৪টি এর মধ্যে ১৩টি আইসিটিডি ল্যাব এবং একটি আইসিটিডি স্কুল অফ ফিচার রয়েছে। এছাড়াও ইডিসি প্রকল্পের আওতায় নতুন ১৪টি ল্যাব স্থাপন কার্যক্রম চলমান রয়েছে এবং বর্তমানে নৈহাটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে রোবটিকস কর্ণার স্থাপন করা হচ্ছে। ইতিমধ্যেই ভেন্ডর প্রতিষ্ঠান থেকে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে রোকটিকস কর্ণারের মালামাল ও সরঞ্জামাদি প্রেরণ করা হয়েছে। তবে উক্ত প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নের কাজ নির্মাধীন থাকার কারনে এখন পর্যন্ত রোবটিকস কর্ণার স্থাপন করা সম্ভব হয়নি। এ বিষয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা জানান যে, উক্ত রোবটিকস কর্ণার আগামী সপ্তাহে স্থাপন করা হবে এবং প্রতিটি ল্যাবের মান অত্যাধুনিক এবং কম্পিউটার সরঞ্জামাদি সবগুলো সচল রাখাপূর্বক উক্ত ল্যাবে প্রতিনিয়ত শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় স্থাপিত আইসিটিডি ল্যাবে কম্পিউটর ও ভাষা প্রশিক্ষণ ল্যাব সংখ্যা ১৪টি। উক্ত ল্যাব গুলোতে ইতোমধ্যে শিক্ষার্থীদের কম্পিউটর ব্যবহার, ক্লাস গ্রহন ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া চলতি মাসে উক্ত ল্যাবের আওতায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দক্ষতা বৃদ্ধির জন্য প্রধান শিক্ষক, কম্পিউটার শিক্ষক ও প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকদের প্রশিক্ষন প্রদানের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। তিনি ডিজিটাল ল্যাবের যত্ন নেয়া ও পরিষ্কার পরিচ্ছন্নতার উপর গুরুত্বারোপ করেন।
সিদ্ধান্ত : ল্যাব গুলোর সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ প্রতিনিয়ত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা।

## ২.৭। মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্ত

উপজেলার মাধ্যমিক পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস রুম চালু রয়েছে। চলতি মাসে নৈহাটি মাধ্যামক বালিকা বিদ্যালয়, কাজদিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বেলফুলিয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও রূপসা কলেজের মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সবচেয়ে ভালো। তাছাড়া মদ্রাসাগুলোর মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম ভালো নয়। মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিচালনায় কি সমস্যা হচ্ছে তা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে জানানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ জানানো হয়। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সন্তোষজনক নহে তাদের পারফরমেন্স বৃদ্ধি করার জন্য জোড় তাগিদ প্রদান করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারের দৃষ্টি আকর্ষন করা হয়।
সিদ্ধান্ত : মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে পাঠদান করে সঠিক ভাবে ক্লাস পরিচালনা হচ্ছে তা প্রতিনিয়ত পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ, নিয়মিত ড্যাশবোর্ডে তথ্য আপলাড, কলেজ ও প্রাথমিক বিদ্যালয় গুলোতে দ্রুত ক্লাস পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, উপজেলা মধ্যমিক/প্রাথমিক শিক্ষা অফিসার, একাডেমিক সুপার ভাইজার, অধ্যক্ষ, প্রধান শিক্ষক (সকল) রূপসা, খুলনা।

## ২.৮। আইসিটি অধিদপ্তরের ইডিসি প্রকল্পের অধীনে End User Connectivity সংক্রান্ত কার্যসম্পাদন:

রূপসা উপজেলার আইসিটি অধিদপ্তরের ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি ) কর্তৃক End User Connectivity ইন্টারনেট সংযোগ এবং চার কোর বিশিষ্ট ফাইবার ক্যাবল ও অন্যান্য প্রযুক্তিগত অবকাঠামোর ১২১ টি প্রতিষ্ঠানের কাজ চলমান রয়েছে। যার ৮৫% শতাংশ কাজ সুসম্পন্ন হয়েছে।

CamScanner

**২.৯। "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় End User Connectivity প্রদান পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর বিষয়ক ওরিয়েন্টশন প্রোগ্রামের কার্যসম্পাদন:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প End User Connectivity কর্তক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে পরবর্তী গ্রাহক পর্যায়ে প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষর" অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মান্যবর, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো: আবু সাঈদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জনাব, তানজিনা ইসলাম এছাড়াও উপস্থিত ছিলেন জেলা আইসিটি অফিসার, খুলনা, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের হেড অব অপারেশনস জনাব মুন্নাসেফ কামাল এবং উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সানজিদা রিক্তা উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা। উক্ত প্রশিক্ষণটির প্রধান প্রশিক্ষক হিসেবে ছিলেন মো:ইমরান হোসেন, উপজেলা আইসিটি অফিসার, রূপসা, খুলনা। উক্ত অনুষ্ঠানে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয় এবং ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন প্রশিক্ষণ প্রদান করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে উক্ত অনুষ্ঠানের কার্যক্রম সমাপ্ত করা হয়।

(সানজিদা রিক্তা)
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।
তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

স্মারক নং: ৫৬.০৪.৪৭৭৫.০০০.০৬.০০১.২৫-৯৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো:

১। জেলা প্রশাসক, খুলনা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৪। উপজেলা ------------------------------- অফিসার, রূপসা, খুলনা।
৫। অধ্যক্ষ --------------------------------- কলেজ, রূপসা, খুলনা।
৬। প্রধান শিক্ষক -------------------------- মাধ্যমিক বিদ্যালয়, রূপসা, খুলনা।
৭। চেয়ারম্যান ---------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, রূপসা, খুলনা।
৮। উদ্যোক্তা ------------------------------ (সকল) ইউনিয়ন পরিষদ, রূপসা, খুলনা।
৯। জনাব -------------------------------- রূপসা, খুলনা।

মোঃ ইমরান হোসেন
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, রূপসা, খুলনা।
তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

CamScanner